

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
শরীয়তপুর।
(স্থানীয় সরকার শাখা)
www.shariatpur.gov.bd

স্মারক নম্বর-০৫.৩০.৮৬০০.০১০.০৫.০০১.২০- 888

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ০৫-৩-২০২০ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬- ১৪১ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক শরীয়তপুর জেলার বিভিন্ন উপজেলাধীন ইউনিয়ন পরিষদে “ইউনিয়ন পরিষদ সচিব” এর শূন্যপদ পূরণ ও পদ শূন্য হওয়া সাপেক্ষে প্যানেল তৈরির লক্ষ্যে এবং ০৭-১০-২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭- ৪৩৫ নম্বর স্মারকে “হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর” এর শূন্য পদে নিয়োগের লক্ষ্যে শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাদা কাগজে স্বহস্তে (স্পষ্টাক্ষরে) লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১.	ইউনিয়ন পরিষদ সচিব	১০২০০-২৪৬৮০/- (জাতীয় বেতন স্কেল ২০১৫)	০৪ (চার) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী।
০২.	হিসাব সহকারী- কাম- কম্পিউটার অপারেটর	৯৩০০-২২৪৯০/- টাকা (জাতীয় বেতন স্কেল/২০১৫)	২৪ (চব্বিশ) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০(বিশ) শব্দ।


আবেদনের শর্তাবলী :

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও শরীয়তপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ইউনিয়ন পরিষদ সচিব এবং হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- আবেদনপত্রে (ক) প্রার্থীর পূর্ণ নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) জন্ম তারিখ ও বয়স (০১-১০-২০২০ তারিখে) (জ) ধর্ম (ঝ) লিঙ্গ (পুরুষ/মহিলা) (ঞ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পরীক্ষার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম, পরীক্ষার সাল, প্রাপ্ত ফলাফল) (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) কোটা (যেমন-মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম/প্রতিবন্ধী, উপ-জাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য ইত্যাদি) উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) মেয়র, পৌরসভা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ০১ (এক) কপি।
(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
(গ) সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।
(ঘ) প্রার্থীকে দরখাস্তের সাথে তফসিলি ব্যাংক হতে জেলা প্রশাসক, শরীয়তপুর এর অনুকূলে ইউনিয়ন পরিষদ সচিব পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য ৪০০/- (চারশত) টাকার মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
(ঙ) প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজ নাম ও পূর্ণ ঠিকানা সম্বলিত ১০.৫' X ৪.৫' সাইজের ০১ (এক) টি ফেরত খাম ১০/- (দশ) টাকার ডাকাটিকিটসহ প্রেরণ করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ০১-১০-২০২০ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এক্সেডেভিট গ্রহণযোগ্য নয়। বয়স প্রমানের জন্য জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) কপি দাখিল করতে হবে।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্যদের (সন্তান/নাতি/নাতনির) ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তাঁর পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সনদপত্র (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত) এর অনুলিপি বা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (৯ম গ্রেডের নীচে নয়) নাম, পদবীর সীল স্বাক্ষরসহ সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এয়াড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- নিয়োগ প্রাপ্তদের সরকারি বিধিমোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।

(চলমান-০২)

পাতা-০২ :

- ০৮। আবেদনপত্র জেলা প্রশাসক, শরীয়তপুর এর কার্যালয়ে আগামী ০১-১০-২০২০ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন (বিকেল ৫:০০ টা) সময়ের মধ্যে অবশ্যই সরাসরি অথবা ডাকযোগে অত্রাফিসে পৌছাতে হবে।
- ০৯। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীল থাকতে হবে।
- ১০। ইউনিয়ন পরিষদ সচিব পদের জন্য প্যানেলের মেয়াদ প্যানেল গঠনের তারিখ হতে ০১ (এক) বছর পর্যন্ত কার্যকর থাকবে।
- ১১। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ১২। যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ ক্রমিক নম্বর ১ ও ২ এ উল্লেখিত উভয় পদের জন্য আবেদন করতে পারবেন।
- ১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল এবং পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।
- ১৪। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ১৫। খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ১৬। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।


(কাজী আবু ভাহের)
জেলা প্রশাসক
শরীয়তপুর।


ই-মেইল: dcshariatpur@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৩০.৮৬০০.০১০.০৫.০০১.২০- 888 (৩০০)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৭
০২ সেপ্টেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৪। জেলা প্রশাসক (সকল)
- ০৫। পুলিশ সুপার, শরীয়তপুর
- ০৬। সিভিল সার্জন, শরীয়তপুর
- ০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শরীয়তপুর
- ০৮। মেয়র, শরীয়তপুর/ডামুড্যা পৌরসভা
- ০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), শরীয়তপুর
- ১০। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর
- ১১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), শরীয়তপুর
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, শরীয়তপুর সদর/জাজিরা/নড়িয়া/ভেদরগঞ্জ/ডামুড্যা/গোসাইরহাট, শরীয়তপুর
- ১৩। মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল), শরীয়তপুর
- ১৪। জেলা তথ্য অফিসার, শরীয়তপুর। তাঁকে বিজ্ঞাপনটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো
- ১৫। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, আইসিটি শাখা, শরীয়তপুর। বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সম্পাদক, দৈনিক। বর্ণিত বিজ্ঞপ্তিটি আগামী ০৫-০৯-২০২০ তারিখের মধ্যে ভিতরের পাতায় ০৩ কলামে ০৮ ইঞ্চি সাইজে (সাদা কালো) একসংখ্যায় একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। চেয়ারম্যানইউপি (সকল), শরীয়তপুর
- ১৮। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর
- ১৯। অফিস কপি


জেলা প্রশাসক
শরীয়তপুর।